

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নিবন্ধন পরিদপ্তর  
১৪, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

ঃ-পরিপত্র-ঃ

বিষয়ঃ ভূমি উন্নয়ন সংস্থা কর্তৃক উন্নয়নকৃত ভূমি এবং ভবন নির্মাণ সংস্থা কর্তৃক ভবন বা এপার্টমেন্ট বা ফ্ল্যাট বিক্রয় বা হস্তান্তর দলিলের উপর মূল্য সংযোজন কর এর চালানে দাতার নাম, প্লট নং, জমির তফসিল ও ফ্ল্যাট নম্বর লিপিবদ্ধকরণ প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ড এর এস, আর, ও নং- ১৩৬ আইন/২০০৬/৪৬৪ মূসক, তারিখ ০৮/০৬/২০০৬ ইং

উপরিউক্ত বিষয় ও সূত্রস্থ এস, আর, ও এর আলোকে ইহা সংশিষ্ট সকলকে জ্ঞাত করানোর উদ্দেশ্যে জানানো যাইতেছে যে, স্থানীয় রাজস্ব হিসাব নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিভিন্ন সাব-রেজিস্ট্রি অফিসের সরকারী রাজস্ব নিরীক্ষাকালে ভূমি উন্নয়ন সংস্থা বা হাউজিং কোম্পানী কর্তৃক উন্নয়নকৃত ভূমির প্লট ও ভবন নির্মাণ সংস্থা কর্তৃক ভবন বা এপার্টমেন্ট বা ফ্ল্যাট হস্তান্তর দলিলের উপর মূল্য সংযোজন কর এর চালানে বিক্রেতার নাম, জমির তফসিল অর্থাৎ মৌজা, খতিয়ান নং, দাগ নং এবং ফ্ল্যাট নং না থাকায় আপত্তি উত্থাপন করিয়াছেন। বাণিজ্যিক ভিত্তিতে উক্ত প্লট, ভবন বা এপার্টমেন্ট বা ফ্ল্যাট বিক্রয় বা হস্তান্তর কার্যে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক দলিল রেজিস্ট্রীর পূর্বে মূল্য সংযোজন কর পরিশোধের প্রমাণ পত্রের চালানে সরকারী রাজস্ব আদায় নিশ্চিত করিতে হইবে। তাই একই চালান যাহাতে অন্য কোন প্লট, ভবন বা এপার্টমেন্ট বা ফ্ল্যাট এর হস্তান্তর দলিলে ব্যবহৃত না হয় তদবিষয়ে সন্দেহাতীতভাবে নিশ্চিত হওয়ার লক্ষ্যে এখন প্রতিটি প্লট, ভবন বা এপার্টমেন্ট বা ফ্ল্যাট হস্তান্তর দলিল রেজিস্ট্রীর সময়ে দাখিলী চালানে বিক্রেতার নাম, ঠিকানা ভূমির তফসিল অর্থাৎ মৌজা, খতিয়ান, দাগ নং, পরিমাণ এবং ভবন বা এপার্টমেন্ট বা ফ্ল্যাট নং লিপিবদ্ধ নিশ্চিত করিতে হইবে।

বিষয়টি সংশিষ্ট সকলকে জ্ঞাত করানোর লক্ষ্যে এই সম্পর্কীয় একটি নোটিশ অফিসের দৃষ্টি আকর্ষণীয় স্থানে লটকাইয়া রাখার জন্য নির্দেশ দেওয়া হইল।

সংযুক্তিঃ- সূত্রস্থ এস.আর.ও ১ কপি।

স্বাঃ অস্পষ্ট  
(মোঃ মিজানুর রহমান)  
মহা-পরিদর্শক, নিবন্ধন  
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং নিপ/বিবিধ/১৭৭৬৪ (৬১)

তারিখঃ ০৬/১১/২০০৬ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে প্রেরণ করা হইলঃ

১। জেলা রেজিস্ট্রার (সকল)। অত্র বিজ্ঞপ্তির আদেশ সংশিষ্ট সাব-রেজিস্ট্রার ও দলিল লেখকগণকে অবহিত করানোর জন্য নির্দেশ দেওয়া হইল।

২। প্রথম সচিব, মূসক (বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।

স্বাঃ/অস্পষ্ট  
০৬/১১/২০০৬  
(মোঃ মিজানুর রহমান)  
মহা-পরিদর্শক, নিবন্ধন  
বাংলাদেশ, ঢাকা।